72

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 ...
পৃ. 2 কলাম 6

# চট্টগ্রাম কমার্স কলেজ ছাত্রলীগের একাংশের অভিযোগ

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম সরকারী কমার্স কলেজ নিয়ন্ত্রণকারী ছাত্রলীগের একাংশ গতকাল মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করিয়া বলে, চট্টগ্রাম জেলার এক মন্ত্রী চট্টগ্রাম চেম্বারে তাহার ছোট ভাইকে সভাপতি করার জন্য আগ্রাবাদ এলাকা নিয়ন্ত্রণের লক্ষ্যে সন্ত্রাসীদের মদদ যোগাইতেছে। তাহার নির্দেশে ডবলমুরিং থানার ওসি ফরিদ উদ্দিনের সহায়তায় হত্যা মামলার আসামী আঁ, জ, নাসির বাহিনীর সন্ত্রাসীরা কমার্স কলেজের নিরীহ ছাত্রদের উপর এবং মোগলটুলী এলাকায় বার বার হামলা চালাইতেছে। গতকাল বিকালে চট্টগ্রাম প্রেসক্লাবে কড়া পুলিশ প্রহরায় আয়োজিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, শাখাওয়াত হোসেন বাবুল।

সাংবাদিক সম্মেলনে চট্টগ্রাম কমার্স কলেজে সুষ্ঠু শিক্ষার পরিবেশ রক্ষায় প্রশাসনের নিরপেক্ষ ভূমিকা পালন ও প্রকৃত ছাত্রদের পরিচয়পত্রের মাধ্যমে ক্যাম্পাসে অবস্থান নিশ্চিত করার আহ্বান জানানো হয়।

উল্লেখ্য যে, আগ্রাবাদ সরকারী কমার্স কলেজ দখল নিয়া ইতিপূর্বে ছাত্রলীগের দুইটি বিবদমান গ্রুপের কর্মীদের মধ্যে গত এক মাসে ৪ বার সংঘর্ষ ঘটে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, নজরুল ইসলাম মনু, শাহেদুল ইসলাম, হারুনুর রশীদ জুয়েল, মোঃ জাবেদ প্রমুখ।